

নম্বর-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০-২৪৫৪

তারিখ: ২১ কার্তিক, ১৪২৯
০৬ নভেম্বর, ২০২২

প্রজ্ঞাপন


যেহেতু, বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলম এর বিরুদ্ধে বগুড়া সদর থানার বিজ্ঞ ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত জিআর ২৬/৯৬ (দুপচাঁচিয়া) এবং ১ম অতিরিক্ত দায়রা জজ আদালত, বগুড়া-তে দায়েরকৃত ফৌজদারি আপীল নম্বর ৫৩/২০০৫ মামলায় পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ আইন, ১৯৮০ এর ১১ ধারায় ২৪ আগস্ট, ২০২২ খ্রি. তারিখে আপীল নামঞ্জুর করে সাজা বহাল রাখার আদেশ প্রদান করা হয়;

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী, “যে ক্ষেত্রে কোন পৌরসভার মেয়র বা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলর-কে সাময়িক বরখাস্ত করিতে পারিবে।”

যেহেতু, বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলম এর বিরুদ্ধে দায়েরকৃত উক্ত জিআর ২৬/৯৬ (দুপচাঁচিয়া) এবং ফৌজদারি আপীল নম্বর ৫৩/২০০৫ মামলায় পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ আইন, ১৯৮০ এর ১১ ধারায় ২৪ আগস্ট, ২০২২ খ্রি. তারিখে আপীল নামঞ্জুর করে সাজা বহাল রাখায় উক্ত পৌরসভার মেয়র কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পৌর পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলম-কে দুপচাঁচিয়া পৌরসভার মেয়র-এর পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

০২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



০৬/১১/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন: ০২৯৫১৪১৪২

নম্বর-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০-

তারিখ: ২১ কার্তিক, ১৪২৯
০৬ নভেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, বগুড়া।
- ৫। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব-এর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্যানেল মেয়র-১, দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, মেয়র (সাময়িকভাবে বরখাস্তকৃত), দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া।
- ১০। অফিস কপি।


০৬/১১/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব